# সকল বোর্ড-২০১৭

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১. ▶ জনাব রমজান ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাস করে গ্রামে এসে একটি প্লাস্টিক সামগ্রীর ফ্যাক্টরি দেন। তার উৎপাদিত পণ্যের গুণগত মান ভালো কিন্তু বিক্রয় ও মুনাফার পরিমাণ আশানুরূপ নয়। তাছাড়া গ্রামে অধিকাংশ সময় বিদ্যুৎ থাকে না এবং কর্মীদের দক্ষ করে গড়ে তোলার সুযোগও কম। ফলে ফ্যাক্টরি সম্প্রসারণ করার ইচ্ছা থাকলেও সফল হচ্ছে না।

ক. ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারী ম্যাটসুসিটা কোন দেশের প্রতিষ্ঠান? ১

খ. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যাটি ব্যাখ্যা করো। ২

গ. প্লাস্টিক ফ্যাক্টরির প্রতিষ্ঠাতা রমজানকে কী বলে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রমজানের ফ্যাক্টরিটি সম্প্রসারণ না করতে পারার ফলাফল মূল্যায়ন করো। ৪

২. ▶ চট্টগ্রামের যে অঞ্চলে বাঁশ ও গ্যাস পাওয়া যায় সেখানে জনাব শেখর চাকমা ও তার বন্ধুরা কাগজ তৈরির কারখানা স্থাপন করে বৃহৎ আকারে উৎপাদন শুরু করে। তাদের উৎপাদিত কাগজ ঢাকার আরামবাগসহ দেশের অন্যান্য প্রিন্টিং প্রেসে সরবরাহ করছে। তাদের পণ্যের চাহিদা বেশি বলে বিক্রয় ও মুনাফার পরিমাণও সন্তোষজনক।

ক. আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা কী? ১

খ. সফল উদ্যোক্তার বড় বৈশিষ্ট্যটি ব্যাখ্যা করো। ২

গ. চট্টগ্রামের জনাব শেখরের উৎপাদিত কাগজ ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহের মাধ্যমে যে ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব শেখর চাকমাদের সফল ব্যবসায়ী হতে যে পরিবেশের উপাদান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে তা মূল্যায়ন করো। ৪

৩. ▶ জনাব জাহিদ তার এক বন্ধুর নিকট থেকে কিছু পুঁজি নিয়ে জীবিকার্জনের উদ্দেশ্যে একটি পুকুরে মাছ চাষ করেন। জেলা সদরের পাকা রাস্তা তার

https://teachingbd24.com

পুকুরের পাশ দিয়ে যাওয়াতে তার পুকুরের মাছ তাজা তাজাই শহরের বাজারে পৌঁছে এবং বেশ ভালো দামও পাচ্ছে। ফলে অল্প সময়ের মধ্যে সে স্বাবলম্বী হয়ে ওঠে।

ক. ব্যবসায়ের সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কী? ১

খ. কৃত্রিম ব্যক্তি সত্তা বলতে কী বোঝায়? ২

গ. জনাব জাহিদের জীবিকার্জনের উপায়টি কী? বর্ণনা করো। ৩

ঘ. জনাব জাহিদের মৎস্য চাষ করে স্বাবলম্বী হওয়ার প্রধান কারণটি বিশ্লেষণ করো। ৪

৪.▶ সান, মুন ও স্টার তিন বন্ধু পারস্পরিক সমঝোতার মাধ্যমে একটি ব্যবসায় পরিচালনা করছে। তাদের ব্যবসায়টিতে মুনাফাও হচ্ছিল বেশ। কিন্তু সান সড়ক দুর্ঘটনায় মারা যাওয়ায় তাদের ব্যবসায়টির বিলোপ ঘটে। কিন্তু মুন ও স্টার পরবর্তীতে ভাবলো তারা এমন কিছু করবে যাতে প্রতিষ্ঠানের পৃথক আইনগত সত্তা থাকে। যাতে করে কারো মৃত্যুতে ব্যবসায়ের বিলোপ না ঘটে।

ক. সমবায়ের শাব্দিক অর্থ কী? ১

খ. সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়টি কী? ব্যাখ্যা করো। ২

গ. সান, মুন ও স্টার কর্তৃক পরিচালিত ব্যবসায় সংগঠনটি কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. মুন ও স্টারের পরবর্তী সিদ্ধান্তের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫.▶ সালেহা খাতুনের স্বামী ভবিষ্যতের কথা ভেবে একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন। হঠাৎ করে তার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যান। চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটি চুক্তি মোতাবেক মনোনীত ব্যক্তি সালেহা খাতুনকে অর্থ পরিশোধ করেন।

ক. বাংলাদেশে প্রচলিত কপিরাইট আইন কত সালের? ১

খ. কার্যারম্ভের অনুমতিপত্র বলতে কী বোঝায়? ২

গ. সালেহা খাতুনের স্বামী কোন ধরনের চুক্তি করেছিলেন তা বর্ণনা করো। ৩

ঘ. সালেহা খাতুনের মতো অসহায় নারীদের পাশে দাঁড়ানো প্রতিষ্ঠানটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৬.▶ পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সিরাজুল ইসলাম সমাজকর্মের ওপর একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে সমাদৃত হলেও পরবর্তী পর্যায়ে বাজারে বিক্রি আশানুরূপ না হওয়ায় তিনি খোঁজ নিয়ে জেনেছেন বইটির নকল কপি প্রকৃত দামের থেকে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।

ক. কোনো পণ্যকে অন্য পণ্য হতে স্বতন্ত্র করার লক্ষ্যে ব্যবহৃত প্রতীককে কী বলে? ১


খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যাখ্যা করো। ২

https://teachingbd24.com

গ. অধ্যাপক সিরাজুল ইসলামের সৃষ্ট কাজটি কিসের অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. নকল প্রতিরোধে অধ্যাপক সিরাজুল ইসলামের কোন পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে মনে করো? ৪

৭.▶ P ও Q শিল্পের বিভিন্ন তথ্য চিত্রে উপস্থাপন করা হলো:




ক. কুটির শিল্প প্রধানত কী ভিত্তিক? ১

খ. উৎপাদনমুখী শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে P শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'Q শিল্পটি স্থাপনের মাধ্যমে দেশের উৎপাদন বৃদ্ধি পাবে'– মূল্যায়ন করো। ৪

৮.▶ জনাব আলী কুষ্টিয়ার বিভিন্ন শপিং কমপ্লেক্সে হাতের তৈরি পোশাক বিক্রয় করেন। তিনি বছরের শুরুতেই বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কার্যক্রম শুরু করেন। কোন দোকানে কী পরিমাণ, কীভাবে, কখন পোশাক দিবে তা আগে থেকে ঠিক করে নেয়। তার ব্যবসায়ের অগ্রগতির জন্য বিভিন্ন সময়ে দক্ষতা সম্পন্ন ব্যক্তির প্রয়োজন হয়।

ক. ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস কী? ১

খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ২

গ. জনাব আলী শুরুতেই ব্যবস্থাপনার কোন কাজটি সম্পাদন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আলীর ব্যবসায়ের অগ্রগতি ব্যবস্থাপনার কোন কার্য দ্বারা সম্ভব হবে বলে তুমি মনে করো? ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৯. ▶ জনাব নাবিলের জমিতে প্রচুর পরিমাণে কলা উৎপাদন হওয়ায় সে দোকানে দোকানে বিক্রয় করার মনস্থির করল। বিক্রয় করার পূর্বে কলাগুলোকে ছোট বড় বিভিন্ন শ্রেণিতে ভাগ করলেন। এতে বিক্রয় সহজতর হয়।

ক. মধ্যস্থব্যবসায়ীগণ কাদের মধ্যে সেতু বন্ধন হিসেবে কাজ করে? ১

খ. 'মেলামেশার ক্ষমতা' বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাবিলের কলা দোকানে সরবরাহ করার ক্ষেত্রে বিপণনের কোন কাজটির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জনাব নাবিলের গৃহীত পদক্ষেপ কলা বিক্রয়ের অন্যতম সহজ কৌশল'— মতামত দাও। ৪

১০. ▶ জনাব জামান দীর্ঘদিন একটি বোতাম তৈরি কারখানায় কাজ করছেন। এখন তিনি নিজেই এরূপ একটি কারখানা স্থাপনের চিন্তা করছেন। কিন্তু বিভিন্ন প্রতিবন্ধকতার ভয়ে অগ্রসর হতে পারছেন না। এমতাবস্থায় এক ব্যাংক কর্মকর্তা তাকে উৎসাহিত করলেন এবং ব্যাংক থেকে প্রয়োজনীয় সাহায্য করবেন বলে আশ্বস্ত করলেন।

ক. ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা কোন মন্ত্রণালয়ের অধীন? ১

খ. ক্ষুদ্র শিল্প উন্নয়ন কার্যক্রম পরিচালনায় নিয়োজিত সংস্থাটি কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব জামানকে বোতাম তৈরির কারখানা স্থাপনে আগ্রহী করতে কোন ধরনের সহায়তার প্রয়োজন? বর্ণনা করো। ৩

ঘ. জনাব জামানকে বোতাম তৈরির কারখানা স্থাপনে ব্যাংকের ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১. ▶ জনাব রায়হান ও রাজিব দুই বন্ধু মাছের রপ্তানি ব্যবসায় করেন। মাছের দাম আজ একরকম কাল আরেক রকম, মাছের অর্ডার দিলে ঠিকমতো সরবরাহ করতে পারে না। সেই কারণে তারা শান্ত নীড় আবাসিক এলাকায় মাছ রপ্তানি প্রক্রিয়াকরণের জন্য একটি কারখানা তৈরি করেন। এতে ব্যাপক মুনাফা হয় কিন্তু স্থানীয় লোকজন তাদের বিরুদ্ধে নানা অভিযোগ দায়ের করেন।

ক. স্যামসন এইচ চৌধুরী কত সালে বিজনেস এক্সিকিউটিভ অব দি ইয়ার নির্বাচিত হয়েছিলেন? ১

খ. মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. জনাব রায়হান ও রাজিবের ব্যবসায়ে প্রথমত কোন ধরনের ব্যবসায়িক দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রায়হান ও রাজিবের ব্যবসায়ে সফলতা হওয়া সত্ত্বেও কোনটির জন্য সমস্যার সম্মুখীন হয়েছিল? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?**
ক জনকল্যাণ
খ মুনাফা অর্জন
গ কর আদায়
ঘ বিদেশি সাহায্য আদায়

**২. বিশ্ব মেধা দিবস পালিত হয় প্রতি বছর কোন তারিখে?**
ক ২৩ এপ্রিল খ ২৪ এপ্রিল
গ ২৫ এপ্রিল ঘ ২৬ এপ্রিল

**৩. রেজিস্টার্ড ট্রেডমার্ক ব্যবহারে একচ্ছত্র অধিকার সংরক্ষণ করেন কে?**
ক পরিচালক খ ব্যবস্থাপক
গ রেজিস্টার্ড মালিক ঘ জনগণ

**৪. 'চূড়ান্ত সদ্বিশ্বাস' কথাটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য?**
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথ মূলধনী ঘ রাষ্ট্রীয় কারবার

**৫. সর্বপ্রথম সমবায় আন্দোলনের সূত্রপাত হয়—**
i. উত্তর আমেরিকায়
ii. পশ্চিম ইউরোপে
iii. পূর্ব ইউরোপে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৬. প্রযুক্তি নির্ধারণ মাইক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানের অন্তর্ভুক্ত?**
ক বাজার চাহিদা খ কারিগরি দিক
গ বাণিজ্যিক দিক ঘ আর্থিক দিক

**৭. সেবামূলক মাঝারি শিল্পে সর্বোচ্চ শ্রমিক সংখ্যা কতজন?**
ক ১০০ জন খ ১১০ জন
গ ১২০ জন ঘ ১৩০ জন

**৮. ব্যবসায়ের অর্থ সংগ্রহের প্রধান উৎস কোনটি?**
ক কেন্দ্রীয় ব্যাংক খ বাণিজ্যিক ব্যাংক
গ কৃষি ব্যাংক ঘ সমবায় ব্যাংক

**৯. 'জেন্ডার সচেতনতা' বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলি?**
ক শারীরিক খ মানসিক
গ নৈতিক ঘ অন্যান্য

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. মজিদ একজন সবজি উৎপাদনকারী। তিনি প্রত্যহ ভোরে সবজি তুলে, মান অনুযায়ী সাজিয়ে স্থানীয় বাজারে বিক্রয় করেন। এতে তার সংসারে সচ্ছলতা ফিরে আসে।

**১০. মি. মজিদ বাজারজাতকরণের কোন কাজটি করেন?**
ক গুদামজাতকরণ খ প্রমিতকরণ
গ মোড়কিকরণ ঘ পর্যায়িতকরণ

**১১. মি. মজিদের ক্ষেত্রে কোন বণ্টন প্রণালি প্রযোজ্য?**
ক উৎপাদন → পাইকার → ভোক্তা
খ উৎপাদক → ভোক্তা
গ উৎপাদক → খুচরা ব্যবসায়ী → ভোক্তা
ঘ উৎপাদক → পাইকার → খুচরা ব্যবসায়ী → ভোক্তা

**১২. বাংলাদেশ তথা পৃথিবীর সর্ববৃহৎ বেসরকারি উন্নয়ন সংস্থা কোনটি?**
ক গ্রামীণ ব্যাংক খ ব্র্যাক
গ প্রশিকা ঘ মাইডাস

**১৩. সমর্থনমূলক সহায়তা কোনটি?**
ক তথ্য সরবরাহ
খ ব্যবসায় আধুনিকায়ন
গ পরামর্শ দান
ঘ পুঁজির সংস্থান

**১৪. 'Ethos' শব্দটি কোন শব্দ থেকে উদ্ভব হয়েছে?**
ক গ্রিক খ ফারসি
গ তুর্কি ঘ জার্মানি

**১৫. পরিবেশ দূষণের কারণে কোনটি মারাত্মক হুমকির সম্মুখীন?**
ক স্বাস্থ্য
খ জীবন-জীবিকা
গ আবাসন সংকট
ঘ জীব-বৈচিত্র্য

**১৬. ঘুমন্ত অংশীদারের বৈশিষ্ট্য কোনটি?**
ক দায় অসীম
খ দায় সসীম
গ ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ
ঘ তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধতা

Teachingbd24.com

https://teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

ব্যস্ততম শহর বরিশালের অনিন্দ্য বুটিক হাউজের মালিক আরিফা এসএসসি পরীক্ষা দেয়ার সময় সংসারের প্রয়োজনে পার্টটাইম চাকরি নিয়েছিল। সামান্য পুঁজি নিয়ে ব্যবসায় করে তিনি আজ সফল উদ্যোক্তার তালিকায় নাম লিখিয়েছেন। তার প্রতিষ্ঠানে ৪০ জন লোকের কর্মের সংস্থান হয়েছে।

**১৭. দেশকে এগিয়ে নিতে আরিফার মতো উদ্যোক্তারা ভূমিকা রাখেন—**

i. কর্মসংস্থান তৈরির মাধ্যমে
ii. গ্রামীণ অবকাঠামো উন্নয়নে
iii. জীবনযাত্রার মান উন্নয়নে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮. আরিফার মধ্যে সফল উদ্যোক্তার যে গুণ পরিলক্ষিত হয়—**

ক) পরিবারের সচ্ছলতা
খ) শিক্ষাগত যোগ্যতা
গ) কঠোর পরিশ্রম করার ক্ষমতা
ঘ) জানার আগ্রহ

**১৯. 'আঁখিতারা ফার্নিসার্স'-এর বর্তমান শাখা কয়টি?**

ক) ৩টি খ) ৪টি
গ) ৫টি ঘ) ৬টি

**২০. বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা কতভাগ নারী?**

ক) ৪৮ খ) ৪৯
গ) ৫০ ঘ) ৫১

**২১. জহুরুল ইসলাম কত সালে প্রথম শ্রেণির ঠিকাদার হিসেবে পরিচিতি পান?**

ক) ১৯৫২ খ) ১৯৫৩
গ) ১৯৫৪ ঘ) ১৯৫৫

**২২. শিল্পকে কয় ভাগে ভাগ করা হয়?**

ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয়

**২৩. বেকার সমস্যা একটি—**

ক) ব্যক্তিগত সমস্যা
খ) জাতীয় সমস্যা
গ) প্রাতিষ্ঠানিক সমস্যা
ঘ) পারিবারিক সমস্যা

**২৪. ব্যবসায়ের ক্রমবিকাশের ধারাগুলোর পর্যায়—**

i. প্রাচীন যুগ
ii. মধ্য যুগ
iii. আধুনিক যুগ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৫. একজন উদ্যোক্তার প্রধান গুণ কোনটি?**

ক) কর্মউদ্যোগ
খ) ব্যবসায় পরিচালনা
গ) সংবেদনশীলতা
ঘ) ঝুঁকি নিতে সহায়তা

**২৬. প্রত্যেক ব্যবসায়ের পরিকল্পনায় সুনির্দিষ্ট কী থাকে?**

ক) লক্ষ্য খ) দিকনির্দেশনা
গ) ব্যবস্থাপনা ঘ) মুনাফা

**২৭. নতুন ব্যবসায়ের উদ্যোগ গ্রহণের জন্য প্রয়োজন—**

i. সঠিক পরিকল্পনা
ii. প্রশিক্ষণ
iii. শিক্ষাগত যোগ্যতা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৮. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?**

ক) পাঁচ খ) ছয়
গ) সাত ঘ) আট

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:**

রুমি রহমান তার আঁকা ছবির জন্য সরকারের কাছ থেকে আইনগত স্বত্বের অধিকারী হন। ফলে তার ছবির অনুলিপি অন্য কেউ করতে পারবে না।

**২৯. রুমি রহমানের চুক্তিটি কোন ধরনের?**

ক) কপিরাইট খ) অংশীদারি
গ) ট্রেডমার্ক ঘ) পেটেন্ট

**৩০. উক্ত চুক্তির ফলে রুমি রহমানের—**

i. সাফল্য আনয়নে সহায়তা করবে
ii. সৃষ্ট মেধা সম্পদের একচ্ছত্র অধিকারী হবেন
iii. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পাবেন

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com